গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

মুজিব শতবর্ষ ১০০

**অতি জরুরি**

স্মারক নম্বর- ৫৭.০০.০০০০.০৫৩.৩৩.০০১.২৩.১৭৫(ক)

তারিখঃ ১০ আষাঢ় ১৪৩১
২৪ জুন ২০২৪

**বিষয়: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন ২০২৪ সনের এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন ২০২৪ সালের আলীম পরীক্ষার দিনগুলোতে অফিস খোলা রাখা সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৩০ জুন ২০২৪ তারিখ হতে ১১ আগস্ট ২০২৪ তারিখ পর্যন্ত এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন ২০২৪ সালের আলীম পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সচিবালয়স্থ ৬নং ভবনের, লিফ্‌টের ১৬ তলার, কক্ষ নং-১৬০২ নম্বর রুমে স্থাপিত কন্ট্রোল রুমটি পরীক্ষার দিনগুলোতে সকাল ০৮.০০ হতে সন্ধ্যা ০৭.০০ টা পর্যন্ত খোলা থাকবে।

০২। এমতাবস্থায়, আগামী ৩০ জুন ২০২৪ তারিখ হতে ১১ আগস্ট ২০২৪ তারিখ পর্যন্ত পরীক্ষার দিনগুলোতে সকাল ০৮.০০ হতে সন্ধ্যা ০৭.০০ টা পর্যন্ত অফিসে বিদ্যুৎ, পানি সরবরাহসহ একটি লিফট খোলা রাখা ও বিলম্বে অফিস কক্ষ বন্ধ করা, কন্ট্রোল রুমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ **১। পরীক্ষার রুটিন।**
**২। অফিস আদেশ।**

29.06.2024
(আনিসুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-৫৫১০১১৩০
ই-মেইল: dstech3@tmed.gov.bd

**বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: উপসচিব, নিরাপত্তা -২ শাখা।)
২. উপ-পুলিশ কমিশনার (নিরাপত্তা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১, ইডেন ভবন, ঢাকা।
৪. উপ-বিভাগীয় প্রকৌশলী/ই এম উপ-বিভাগ-৭ (বিদ্যুৎ/ লিফট ইন-চার্জ), গণপূর্ত বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিষ্ট (আইসিটি অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি: সদয় অবগতির জন্য:**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/ কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



C:\Users\User\Desktop\H.S.C-2024\কন্ট্রোল রুম + অফিস খোলা.docx